মুজিবনগরে রামনগর ফুটবল টুর্নামেন্টে নাজিরাকোনা একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর জনকল্যান যুব সমিতির উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৫ম তম খেলায় নাজিরাকোন একাদশ জয়লাভ করেছে।

গতকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত খেলায় নাজিরাকোনা একাদশ ২-১ গোলে রতনপুর একাদশকে পরাজিত করে।

বিজয় দলের পক্ষে দলীয় ৭ নং জার্সি পরিহিত সোহাগ ১ গোল এবং ১০ নং জার্সি পরিহিত শাকিল ১টি গোল করেন এবং বিজিত দলের লিংকন ১ টি গোল পরিশোধ করেন।বিজয়ী দলের গোলকিপার ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হন।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন, সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন বাফুফের তৃতীয় শ্রেণীর রেফারি সোহেল রানা সহকারি হিসাবে ছিলেন রাসেল এবং জাহাঙ্গীর। ধারা ভাষ্যকার হিসাবে ছিলেন শামিম শিশির।

আগামী বৃহস্পতিবার খেলায় ফারুক লাইব্রেরি এন্ড বল্লভপুর মর্নিং একাদশ বনাম যতারপুর একাদশের খেলা অনুষ্ঠিত হবে।

বার্সেলোনায় সুখী নয়

গ্রিয়েজমান: দেশম

বার্সেলোনার জার্সিতে জ্বলে উঠতে পারেননি আতোঁয়া গ্রিয়েজমান। লা লিগায় ৩৫ ম্যাচ খেলে মাত্র ৯ গোল করেন ফরাসি ফরোয়ার্ড। তার জাতীয় দলের কোচ দিদিয়ের দেশমের দাবি, বার্সেলোনায় গিয়ে সুখী নন গ্রিয়েজমান।

সোমবার সংবাদ সম্মেলনে ফ্রান্সের কোচ বলেছেন, ‘আমি তার সঙ্গে কথা বলেছি এবং তার সঙ্গে পরে দেখাও হবে। আমি নিশ্চিত সে এই পরিস্থিতিতে সুখী নয়। অন্য ক্লাবে আমার খেলোয়াড়কে ব্যবহারে হস্তক্ষেপ করি না আমি, সেটা বার্সা বা যে ক্লাবই হোক না কেন। আতোঁয়া এখন ডানপাশে খেলছে।’

যে কোনও পরিস্থিতির সঙ্গে গ্রিয়েজমানকে মানিয়ে নেওয়ার পরামর্শ দিয়েছেন দেশম, ‘এটা সত্যি যে কোমান তাকে বলেছে যে, তিনি বুঝতে পারেননি যে সে আরও বেশি সেন্ট্রাল পজিশনে খেলতে অভ্যস্ত। কিন্তু আঁতোয়াকে মানিয়ে নিতে হবে। আমার কাছে সে সেন্ট্রালে অনেক বেশি কার্যকরী। ওই পজিশনে থেকে সে মাঝমাঠেও সাহায্য করতে পারে।’

বার্সার নতুন কোচ কোমান এই মৌসুমে লিওনেল মেসি ও আনসু ফাতির সঙ্গে মানিয়ে নিতে গ্রিয়েজামনকে উইংয়ে খেলাচ্ছেন। কিন্তু প্রত্যেক খেলোয়াড়কে তার সেরা পজিশনে খেলানো উচিত মনে করেন দেশম, ‘বার্সার ভিন্ন পরিস্থিতি ও পদ্ধতি মাথায় রেখে যেটা সবচেয়ে ভালো হবে আমরা সেটাই করবো। আঁতোয়া কখনও অভিযোগ করে না। কিন্তু তার পূর্ণ সম্ভাবনা তখনই কাজে লাগবে যখন সেরা পজিশনে খেলবে।’

কৃষ্ণাঙ্গ বলেই স্বীকৃতি পাইনি, তোপ সেরেনার

টেনিসে কৃষ্ণাঙ্গ খেলোয়াড় হিসেবে যোগ্য দাম, যোগ্য অর্থ পাননি তিনি। একটি ব্রিটিশ ম্যাগাজিনে বোমা ফাটালেন সেরেনা

উইলিয়ামস। সঙ্গে ২৩ গ্র্যান্ড স্ল্যাম জয়ী ‘ব্ল্যাক লাইভস ম্যাটার’ আন্দোলনের উচ্ছ্বসিত প্রশংসা করেন।

সেরেনা এর আগেও বহুবার বর্ণবিদ্বেষের প্রতিবাদ করেছেন। তিনি বলেছেন, ‘‘বর্ণবিদ্বেষী, বৈষম্যমূলক ঘটনা সবার সামনে আনার ক্ষেত্রে একটা বড় ভূমিকা নিয়েছে প্রযুক্তি। অনেক কিছুই এখন উঠে আসছে, যা লুকিয়ে রাখা হয়েছিল।

এতদিন ধরে হয়েই আসছে যা। মানুষ যেটাকে সহ্য করে আসছে। এর আগে কেউ ফোন বের করে ভিডিও করেনি।”
সেরেনা আরও বলেন, “এখন যেন ওদের (শ্বেতাঙ্গ) হঠাৎ করে নজরে পড়তে শুরু করেছে সব। এত দিন কারও নজরে পড়েনি কেন? গোটা খেলোয়াড়জীবনজুড়েই তো আমি এই প্রতিবাদ করে আসছি।”

বিশ্বের অন্যতম সফল এবং জনপ্রিয় খেলোয়াড় সেরেনা। তার বোন ভেনাসও কম বিখ্যাত নন। তারা সব সময়ই কোর্টে বর্ণবিদ্বেষী কোনও ঘটনার মুখোমুখি হলে প্রতিবাদ করেছেন। ১৪ বছর তিনি ক্যালিফোর্নিয়ায় একটি প্রতিযোগিতায় খেলেননি ২০০১ সালে বর্ণবিদ্বেষী মন্তব্য করার পরে। যে ঘটনায় লকার রুমে কান্নায় ভেঙে পড়েন তিনি। ২০১৮ সালে যুক্তরাষ্ট্র ওপেনে কোর্টে র্যাকেট আছড়ে ভাঙার পরে তার পয়েন্ট কেটে নেওয়া হয়েছিল। সেরেনা প্রতিবাদ করেছিলেন দ্বিচারিতার অভিযোগ তুলে। যার প্রশংসা করেন বিলি জিন কিং।

তবে সেরেনা একই সঙ্গে এটাও জানিয়েছেন, কৃষ্ণাঙ্গ নারী হিসেবে তিনি গর্বিত।

“নারী এবং কৃষ্ণাঙ্গদের দেখিয়ে দিতে হবে প্রতিবাদের ভাষা তাদেরও রয়েছে। ঈশ্বর জানেন, আমি নিজের প্রতিবাদের ভাষা ব্যবহার করি,” বলেন সেরেনা।

চলতি ফরাসি ওপেন থেকে চোটের জন্য সরে দাঁড়িয়েছেন সেরিনা। এ মৌসুমে আর কোনও প্রতিযোগিতায় খেলবেন কি না এখনও ঠিক করেননি। সূত্র: আনন্দবাজার

[redacted]

[redacted]

[redacted]

[

অনিশ্চিয়তা, দেম্বেলের ওপর নজর ম্যানইউ’র

আক্রমণভাগের শক্তি বাড়াতে যাচ্ছে ম্যানচেস্টার ইউনাইটেড। ইংলিশ প্রিমিয়ার লিগের ক্লাবটি বার্সেলোনার উসমানে দেম্বেলেকে লোনে আনার চেষ্টা করছে বলে একাধিক সূত্রের বরাত দিয়ে খবর প্রকাশ করেছে ইএসপিএন।

বরুসিয়া ডর্টমুন্ড থেকে তরুণ উইঙ্গার জর্ডান সানচোকে দলে ভেড়ানো অনিশ্চিত হয়ে যাওয়ায় আক্রমণভাগে আপাতকালীন খেলোয়াড় হিসেবে দেম্বেলেকে দলে বেড়াতে চায় তারা। কুড়ি বছর বয়সী সানচোর জন্য ৯ কোটি ইউরো প্রস্তাব দিয়েও প্রত্যাখ্যাত হয়েছে ইউনাইটেড। ইংলিশ এই ফুটবলারের জন্য জার্মান ক্লাবটির চাওয়া ১২ কোটি ইউরো।

দাম নিয়ে বনিবনা না হওয়ায় ম্যানইউ’র নাকি এখনো বিশ্বাস, গ্রীষ্মকালীন দল-বদলের শেষ দিকে দলে ভেড়ানোর সুযোগটি এখনো আছে। এছাড়া ইংল্যান্ডের সবচেয়ে সফল ক্লাবটি বার্সেলোনা তারকা দেম্বেলের প্রতিও নজর রাখছে। আক্রমণভাগের এই ফুটবলার ২০১৭ সালে ১৩ কোটি ৫০ লাখ পাউন্ড ট্রান্সফার ফিতে কাতালান ক্লাবটিতে নাম লিখিয়েছিলেন।

এ ব্যাপারে একাধিক সূত্র ইএসপিএনকে জানিয়েছে, বিষয়টি এখনো আলোচনার পর্যায়েই রয়েছে। এ ব্যাপারে ম্যানইউ আনুষ্ঠানিক কোনও প্রস্তাব দেয়নি বার্সেলোনাকে। তবে ধারণা করা হচ্ছে, দেম্বেলে ছাড়তে পারে কাম্প ন্যু’র ক্লাবটি। কেননা লিওঁ ফরোয়ার্ড মেম্ফিস দেপাইকে দলে টানতে চাচ্ছে তারা। আর সেজন্য অর্থের দরকার বার্সেলোনার।

সূত্র- বিডি প্রতিদিন

কাঁঠালপোতা নাইট ফুটবল

টুর্নামেন্টে কাঁঠাল পোতা

সেমিফাইনালে

মেহেরপুর সদর উপজেলার কাঁঠালপোতা ফুটবল একাডেমীর উদ্যোগে কাঁঠালপোতা মাঠে অনুষ্ঠিত কাঁঠালপোতা নাইট ফুটবল টুর্নামেন্টে কাঁঠাল পোতা সেমিফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

রাতে অনুষ্ঠিত কোয়ার্টার ফাইনাল খেলায় কাঁঠালপোতা ফুটবল একাডেমী ১-০ গোলে মোমিনপুর ডাইমন্ড ক্লাবকে পরাজিত করে। খেলায় বিজয়ী দলের পক্ষে আনোয়ার এক মাত্র গোলটি করেন।

খেলায় বিজয়ী দলের গোল দাতা আনোয়ার ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন। খেলা শেষে ম্যান অব দ্য ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

টুর্নামেন্টে সভাপতি রকিবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালাম, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি আলাউদ্দিন মন্ডল ও পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্নসাধারণ সম্পাদক ওহেদুর রহমান ডাবলু উপস্থিত থেকে পুরষ্কার বিতরণ করেন।

খেলা টি পরিচালনা করেন মনিরুজ্জামান রিপন।

ফের সেই স্মৃতিবিজড়িত

নিউজিল্যান্ড সফরে যাচ্ছে

বাংলাদেশ

আবারও সেই ভয়াবহ স্মৃতিবিজড়িত নিউজিল্যান্ড সফরে যাচ্ছে বাংলাদেশ ক্রিকেট দল। দেশটির ক্রাইস্টচার্চ মসজিদে সন্ত্রাসী হামলার

প্রত্যক্ষদর্শী হওয়ার প্রায় দুই বছর পর ফের দেশটিতে যাচ্ছে টাইগাররা।

মঙ্গলবার টাইগারদের বিপক্ষে হোম সিরিজের সূচি প্রকাশ করেছে নিউজিল্যান্ড ক্রিকেট বোর্ড।

আসছে মাসগুলোতে নিজেদের মাঠে চারটি দলের বিপক্ষে ক্রিকেট লড়াইয়ে মুখোমুখি হবে নিউজিল্যান্ড। এই চার দলের তালিকায় রয়েছে ওয়েস্ট ইন্ডিজ, পাকিস্তান, অস্ট্রেলিয়া ও বাংলাদেশের নাম।

সূচি অনুযায়ী আগামী বছরের মার্চের শুরুর দিকে নিউজিল্যান্ডের উদ্দেশ্যে উড়াল দেওয়ার কথা তামিম ইকবাল, সাকিব আল হাসান, মুশফিকুর রহিমদের। এই সফরে কিউইদের সঙ্গে তিনটি ওয়ানডে ও তিনটি টি-টোয়েন্টি খেলবেন তারা।

সিরিজের প্রথম ওয়ানডে অনুষ্ঠিত হবে ১৩ মার্চ, ডানেডিনে। দ্বিতীয় ওয়ানডেটি হবে স্মৃতিবিজড়িত সেই ক্রাইস্টচার্চে, যেখানে ২০১৯ সালের ১৫ মার্চ আল নূর নামক একটি মসজিদে জুমার নামাজরত মুসল্লিদের ওপর এক বন্দুকধারী নির্বিচারে হামলা চালিয়েছিল। তাতে মৃত্যু হয়েছিল ৫১ জন মুসল্লির, আহত হন আরও ৪০ জন।

মৃত্যুকে খুব কাছ থেকে দেখেছিল ক্রাইস্ট চার্চের মসজিদটির পাশেই হ্যাংলি পার্ক ক্রিকেট ওভালে অবস্থান করা বাংলাদেশ ক্রিকেট দলের সদস্যরা। মসজিদটিতে নামাজ পড়তে গিয়েছিলেন দলের বেশ কয়েকজন সদস্য। এর মধ্যে এক নারীর অনুরোধে মসজিদে প্রবেশ না করে প্রাণে বেঁচে যান তারা। সেই ক্রাইস্টচার্চেই প্রায় দুই বছর পর আবার খেলতে নামবে টাইগাররা।

দুঃস্বপ্নের ক্রাইস্টচার্চে দ্বিতীয় ওয়ানডের পর ২০ মার্চ ওয়েলিংটনে সিরিজের তৃতীয় ও শেষ ওয়ানডেতে স্বাগতিকদের মুখোমুখি হবে বাংলাদেশ।

দুই দিনের বিরতি শেষে ২৩ মার্চ থেকে শুরু টি-টোয়েন্টি সিরিজ। নেপিয়ারে প্রথম ম্যাচের পর দ্বিতীয় ম্যাচ হবে অকল্যান্ডে, ২৬ মার্চ এবং তৃতীয় ও শেষ টি-টোয়েন্টি ২৮ মার্চ, হ্যামিল্টনে। সূত্র: ক্রিকবাজ

শ্বাসরূদ্ধকর টাই, সুপার ওভারে রোমাঞ্চকর জয় কোহলিদের

আইপিএলে চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু (আরসিবি) ও মুম্বাই ইন্ডিয়ান্সের টান টান উত্তেজনাপূর্ণ ম্যাচে শেষ বলে স্ট্রাইকে ব্যাট করছেন কাইরন পোলার্ড। আর বোলিং প্রান্তে ইসুরু উদানা। ছক্কা হাঁকাতে পারলেই জিতবে মুম্বাই ইন্ডিয়ান্স, চার হলে টাই।

বাঁহাতি উদানার স্লোয়ার শর্ট বলে ডিপ স্কয়ার ও ডিপ মিডউইকেটের মাঝ দিয়ে উড়িয়ে মারলেন ক্যারিবিয়ান তারকা। মাটিতে একটি বাউন্স হয়েই বাউন্ডারি পার হলো। টাই হয়ে ম্যাচ গড়ালো সুপার ওভারে।

তবে সুপার ওভারে আর রক্ষা করতে পারলেন না পোলার্ড। মুম্বাইর দেওয়ার ৮ রানের টার্গেটে এবি ডি ভিলিয়ার্স ও বিরাট কোহলি দেখেশুনে খেলে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু জয় তুলে নেয়। ম্যাচ সেরা নির্বাচিত হন এডি ডি ভিলিয়ার্স।

এর আগে আইপিএলের ১০ম ম্যাচে দুবাই ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়ামে মূল ম্যাচে প্রথমে ব্যাট করা ব্যাঙ্গালুরু ৩ উইকেট হারিয়ে ২০১ রানের বিশাল স্কোর দাঁড় করায়। জবাবে ব্যাট করতে নামা মুম্বাই ৫ উইকেট হারিয়ে সেই ২০১ রান করলে ম্যাচ টাই হয়।

২০২ রানের লক্ষ্যে ব্যাট করতে নামা মুম্বাইর শুরুটা অবশ্য ভালো হয়নি। দলীয় ৩৯ রানের মাথায় তিন টপঅর্ডার রোহিত শর্মা, কুইন্টন ডি কক ও সুরিয়াকুমার যাদবকে হারায়। মাঝে ব্যক্তিগত ১৫ রান করে বিদায় নেন হার্দিক পান্ডিয়াও। তবে পঞ্চম উইকেট জুটিতে হাল ধরেন ইশান কিশান ও পোলার্ড।

এ দু’জন মিলে ১১৯ রানের বিশাল এক পার্টনারশিপ গড়ে দলকে জয়ের পথেই নিয়ে যাচ্ছিলেন। শেষ ওভারে জয়ের জন্য ১৯ রান দরকার হলে তৃতীয় ও চতুর্থ বলে টানা দুটি ছক্কা হাঁকিয়ে সেই কাজও সেরে রেখেছিলেন। তবে পঞ্চম বলে তুলে মারতে গেলে ডিপ মিডউইকেটে দেবদূত পাদ্দিকালের হাতে ধরা পড়েন। দারুণ ইনিংস খেলা বাঁহাতি এই তরুণ ব্যাটসম্যান এক রানের জন্য সেঞ্চুরি বঞ্চিত হন। ৫৮ বলে ২টি চার ও ৯টি ছক্কায় ৯৯

রান করেন তিনি। আর অপরাজিত থাকা পোলার্ড মাত্র ২৪ বলে ৩টি চার ও ৫টি ছক্কায় ৬০ করেন।

ব্যাঙ্গালুরু বোলারদের মধ্যে উদানা সর্বোচ্চ দুটি উইকেট পান। এছাড়া ওয়াশিংটন সুন্দর, যুজভেন্দ্র চাহাল ও অ্যাডাম জাম্পা একটি করে উইকেট দখল করেন।

এর আগে টস হেরে প্রথমে ব্যাট করতে নেমে পাদ্দিকাল, অ্যারন ফিঞ্চ ও ডি ভিলিয়ার্সের ঝড়ো ফিফটিতে দুই’শ রানের বিশাল গণ্ডি পার করে ব্যাঙ্গালুরু। ৪০ বলে ৫টি চার ও ২টি ছক্কায় ৫৪ করেন পাদ্দিকাল। ৫২ রান করা ফিঞ্চ ৩৫ বলে ৭টি চার ও একটি ছক্কা হাঁকান। তবে বরাবরের মতোই বিধ্বংসী ছিলেন ডি ভিলিয়ার্স। ২৪ বলে তিনি সমান চারটি চার ও ছক্কা মেরে ৫৫ রানে অপরাজিত থাকেন। এছাড়া ১০ বলে ২৭ করেন শিভাম ডুবে। তবে আইপিএলের এই মৌসুমে নিজের নামের প্রতি সুবিচার করতে না পারা অধিনায়ক কোহলি ১১ বল খেলে মাত্র ৩ রানে বিদায় নেন।

মুম্বাই বোলারদের মধ্যে ট্রেন্ট বোল্ট ২টি ও রাহুল চাহার একটি উইকেট দখল করেন।

সূত্র- বিডি-প্রতিদিন

ফাতির জোড়া গোল, বড় জয়ে মৌসুম শুরু বার্সার

স্প্যানিশ লা লিগের প্রথম ম্যাচেই নতুন কোচ রোনাল্ড কোম্যানের অধীনে দুর্দান্ত শুরু করেছে বার্সেলোনা। মৌসুমের প্রথম ম্যাচেই ভিয়ারিয়ালকে ৪-০ গোলে হারিয়েছে বার্সেলোনা।

ম্যাচে জোড়া গোল করেছেন আনসু ফাতি এবং পেনাল্টি থেকে এক গোল করেছেন লিওনেল মেসি। বাকি গোল এসেছে প্রতিপক্ষ খেলোয়াড়ের পা থেকে।

রবিাবর দিবাগত রাতে ঘরের মাঠ ক্যাম্প ন্যুয়ে ভিয়ারিয়ালকে পাত্তাই

দেয়নি বার্সা। ম্যাচের ১৫ মিনিটের মাথায় গোল করে কাতালান জায়ান্টদের এগিয়ে দেন ফাতি। কোম্যান যুগে নিজের প্রথম গোলটি তিনি করেছেন জর্দি আলবার দুর্দান্ত এক পাস থেকে।

চার মিনিট পর নিজের ও দলের দ্বিতীয় গোলের দেখা পেতে ফাতিকে। এবার তার গোলের উৎস এই মৌসুমে বায়ার্ন মিউনিখ থেকে ফিরে আসা ফিলিপ্পে কুতিনহো। কাউন্টার অ্যাটাক থেকে বল নিয়ে ব্রাজিলিয়ান অ্যাটাকিং মিডফিল্ডার ফাঁকায় থাকা ফাতির কাছে বল পৌঁছে দেন আর তা নিচু শটে লক্ষ্যে পৌঁছে দেন তরুণ ফরোয়ার্ড।

প্রথমার্ধের ৩৪তম মিনিটে সফরকারীদের বিপদ বাড়িয়ে পেনাল্টি পেয়ে যায় বার্সা। এবার পেনাল্টি পাইয়ে দেন ফাতি। প্রতিপক্ষের বক্সে বল কাড়ার প্রতিযোগিতার মাঝে ফাউলের শিকার হন তিনি। রেফারি সময় নষ্ট না করে সঙ্গে সঙ্গে পেনাল্টির বাঁশি বাজান। আর তা থেকে বাঁ পায়ের নিখুঁত শটে চলতি মৌসুমে নিজের প্রথম গোলের দেখা পান মেসি।

ভিয়ারিয়ালের হতাশা আরও বাড়ে প্রথমার্ধের শেষ মুহূর্তে। এবার গোলদাতা তাদের নিজেদের খেলোয়াড় পাও তোরেস। মেসির ক্রস বক্সে থাকা বুসকেতসের দিকে যাওয়ার পথে পা বাড়িয়ে ঠেকাতে গিয়ে নিজেদের জালে জড়িয়ে দেন স্প্যানিশ মিডফিল্ডার। এরপর আর ম্যাচে ফেরা হয়নি উনাই এমেরির দলের।

আইপিএলে রেকর্ড গড়ে জিতল রাজস্থান

আইপিএলের চলতি আসরের নবম ম্যাচে কিংস ইলেভেন পাঞ্জাবের বিপক্ষে রেকর্ড গড়ে জিতল স্টিভেন স্মিথের রাজস্থান রয়্যালস। পাঞ্জাবের দেয়া ২২৪ রানের টার্গেটে ব্যাট করতে নেমে তিন বল হাতে রেখেই ৪ উইকেটের ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে রাজস্থান।

এর আগে রাজস্থান ডেকান চার্জার্সের বিরুদ্ধে ২১৫ রান তাড়া করে জিতেছিল।

পাঞ্জাবের হয়ে মায়াঙ্ক আগরওয়াল দুর্দান্ত শতরান করেন। যদিও দল হারায় মূল্যহীন হয়ে যায় তার অনবদ্য ইনিংস। তিনি ৫০ বলে ১০৬ রান করেন। লোকেশ রাহুল ৬৯ রান করে আউট হন।

রাজস্থানের হয়ে ৪২ বলে ৮৫ রান করেন সঞ্জু স্যামসন। ২৭ বলে ৫০ রান করেন স্টিভ স্মিথ। রাহুল ৩১ বলে ৫৩ রান করে সাজঘরে ফেরেন। জফরা আর্চার ও টম কারান দলের জয় নিশ্চিত করেন।

মোহাম্মদ শামি বিধ্বংসী হলেও কিংস ইলেভেনের কোনো লাভ হয়নি। শামি ৩ উইকেট নিলেও ৪ ওভারে দিয়েছেন ৫৩ রান। ৩ ওভারে ৫২ রান দেন শেলডন কটরেল। উইকেট নেন ১টি। এছাড়া জিমি নিশাম এবং মুরুগান অশ্বিন নেন ১টি করে উইকেট।